১৪/১২/৮১

দৈনিক বাংলা





# আজ শহীদ বুদ্ধিজীবী দিবস

(স্টাফ রিপোর্টার)

আজ বেদনা-বিধুর ১৪ই ডিসেম্বর। শহীদ বুদ্ধিজীবী দিবস। একটি দুঃসহ বেদনার্ত দিন। দীর্ঘ নয় মাসের সশস্ত্র লড়াই শেষে বিজয়ের উষালগ্নে উল্লাসে ফেটে পড়ার ঠিক আগের মুহূর্তেই বেদনায় খান খান হয়ে যাওয়া একটি দিন।

স্বাধীনতা সংগ্রামের শেষ কটি দিন—১০ই ডিসেম্বর থেকে ১৪ই ডিসেম্বর কুখ্যাত আলবদর, রাজাকার আলশামস বাহিনী সুপরিকল্পিতভাবে হত্যা করেছিল এদেশের দার্শনিক, কবি, সাহিত্যিক, সাংবাদিক চিকিৎসক, অধ্যাপক, সঙ্গীতজ্ঞ ও শীর্ষস্থানীয় নাগরিকদের।

স্বাধীনতা যুদ্ধের সূচনা থেকেই শুরু হয়েছিল যে হত্যাযজ্ঞ যুদ্ধের এই শেষ ক'টি দিনে তা হয়ে উঠেছিল আরো নৃশংস আরো হিংস্র। স্বাধীনতা যুদ্ধের ন'টি মাসে আমরা হারিয়েছি প্রখ্যাত দার্শনিক ডঃ জিসি দেব, সাংবাদিক সাহিত্যিক শহীদুল্লাহ কায়সার, অধ্যাপক আনোয়ার পাশা, অধ্যাপক সন্তোষ ভট্টাচার্য, অধ্যাপক জ্যোতির্ময় গুহঠাকুরতা, অধ্যাপক গিয়াসউদ্দীন আহমদ, অধ্যাপক রশিদুল হাসান, এম এ মন্নান (লাডু ভাই), নিজামউদ্দীন আহমদ, সেলিনা পারভীন, ডঃ ফজলে রাব্বি, ডাঃ আলীম চৌধুরী, অধ্যাপক মোফাজ্জল হায়দার চৌধুরী, অধ্যাপক মুনীর চৌধুরী, সিরাজউদ্দীন হোসেন, নিজামউদ্দীন আহমদ, নাজমুল হক, আ ন ম গোলাম মোস্তফা সাঈদুল হাসান, রনদা প্রসাদ সাহা, আলতাফ মাহমুদ, ডাঃ মোহাম্মদ মুর্তজা প্রমুখকে। জাতি আজ অবনত মস্তকে স্মরণ করবে মুক্ত স্বাধীন এই স্বদেশ ভূমি কায়েমের সংগ্রামে তাদের অবদানকে।

শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আজ বিভিন্ন সংগঠন কালো পতাকা উত্তোলন, মীরপুর শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণ, ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদ সংলগ্ন শহীদ বুদ্ধিজীবীদের কবর জেয়ারত, কোরানখানি, কাঙ্গালী ভোজ, আলোচনা সভা ইত্যাদি কর্মসূচী গ্রহণ করেছে।

**বাংলা একাডেমী**

বাংলা একাডেমী শহীদ বুদ্ধিজীবী দিবস ও বিজয় দিবস উপলক্ষে একাডেমী প্রাঙ্গণে তিন দিনব্যাপী এক বক্তৃতামালার আয়োজন করেছে। আজ থেকে এই অনুষ্ঠান শুরু হচ্ছে।

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## বুদ্ধিজীবী দিবস

(১ম পৃঃ পর)

দেশের বিশিষ্ট কবি, সাহিত্যিক, সাংবাদিক ও বুদ্ধিজীবিগণ এই অনুষ্ঠান মালায় অংশগ্রহণ করবেন। আজ সকাল ৭টায় একাডেমীর পক্ষ থেকে শহীদ বুদ্ধিজীবী স্মৃতি সৌধে পুষ্পার্ঘ্য অর্পিত হবে।

**জাতীয় প্রেস ক্লাবে আলোচনা সভা**

শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আজ সকাল সাড়ে দশটায় জাতীয় প্রেস ক্লাবে বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন, ঢাকা সাংবাদিক ইউনিয়ন ও জাতীয় প্রেস ক্লাবের উদ্যোগে এক আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

**আওয়ামী লীগ (হা)**

বাংলাদেশ আওয়ামী লীগ (হা) শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে এক কর্মসূচী গ্রহণ করেছে। এই কর্মসূচীর মধ্যে রয়েছে সকাল আটটায় মীরপুরস্থ শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ, বিকেল তিনটায় রমনা বটমূলে আলোচনা সভা। দলীয় প্রধান শেখ হাসিনা এতে সভাপতিত্ব করবেন। সন্ধ্যা ছয়টায় প্রদর্শিত হবে 'স্টপ জেনোসাইড' চলচ্চিত্র।

**ন্যাপ (মোজাফফর)**

শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি (মোজাফফর) এক কর্মসূচী গ্রহণ করেছে। কর্মসূচীর মধ্যে রয়েছে সকাল ৭টায় দলীয় কার্যালয়ে কর্মী জমায়েত এবং শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ।

**জাতীয়তাবাদী যুবদল**

শহীদ বুদ্ধিজীবীদের স্মরণে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল ঢাকা মহানগরী শাখার উদ্যোগে আজ বিকেল চারটায় ৫০/এফ, ইনার সার্কুলার রোডে এক আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে বাংলাদেশ ছাত্র সমিতি আজ সকাল ৮টায় শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ করবে। বিকেল ৪টায় সংগঠনের নিউ এলিফ্যান্ট রোডস্থ কার্যালয়ে এক আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

কেন্দ্রীয় খেলাঘরের উদ্যোগে আজ শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে বিকেল সাড়ে তিনটায় সংগঠনের কেন্দ্রীয় দফতরে এক আলোচনা সভার আয়োজন করা হয়েছে।